গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা পরিষদ কার্যালয়
হরিপুর, ঠাকুরগাঁও।

| | | |
|---|---|---|
| বিষয় | : | **আগস্ট- ২০২৩ মাসে অনুষ্ঠিত উপজেলা পরিষদ মাসিক সভার কার্যবিবরণী।** |
| সভাপতি | : | জনাব মোঃ জিয়াউল হাসান<br>চেয়ারম্যান, উপজেলা পরিষদ, হরিপুর, ঠাকুরগাঁও। |
| তারিখ | : | ২৮ আগস্ট, ২০২৩ খ্রিঃ |
| সময় | : | বেলা ১১.০০ ঘটিকা। |
| স্থান | : | উপজেলা পরিষদ অডিটোরিয়াম। |

**সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা পরিশিষ্ট "ক" তে দ্রষ্টব্য।**

সভাপতি উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতি মাননীয় সংসদ সদস্য, আলহাজ্ব মোঃ দবিরুল ইসলাম-এমপি ঠাকুরগাঁও-২ মহোদয়কে স্বাগত জানান। অতপরঃ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানসহ ১৫ আগস্টের সকল শহীদের প্রতি শ্রদ্ধা জানিয়ে ০১ মিনিট নিরবতা পালন করা হয়। সভাপতি উপজেলা নির্বাহী অফিসার মহোদয় সহ অন্যান্য সদস্যগণকে শুভেচ্ছা জ্ঞাপন করেন। অতঃপর উপজেলা নির্বাহী অফিসার, হরিপুর মহোদয়কে সভা পরিচালনার জন্য অনুরোধ জানান। সভাপতির অনুরোধক্রমে উপজেলা নির্বাহী অফিসার সভা পরিচালনা করেন। সভায় পূর্ববর্তী মাসের সভার কার্যবিবরণী পাঠ করা হলে তাতে কোন সংযোজন বিয়োজন না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়।

০২। **বিভাগীয় আলোচনা ও সিদ্ধান্তঃ**

| দপ্তর | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| কৃষি দপ্তর | উপজেলা কৃষি কর্মকর্তা সভায় জানান, চলতি অর্থবছরে আমন মৌসুম চলমান রয়েছে। পর্যাপ্ত পরিমাণে সার মজুদ আছে। মাঝে মাঝে খরা দেখা যাচ্ছে তাই আমন মৌসুমে পানি সরবরাহ করতে হবে। সেচ পাম্প বিশেষ তদারকি প্রয়োজন এবং সেচ কমিটির সভা নিয়মিত করার অনুরোধ করেন। তাছাড়া সার্বিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | দাপ্তরিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখতে হবে। | উপজেলা কৃষি কর্মকর্তা, হরিপুর |
| স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা দপ্তর | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তার প্রতিনিধি সভায় জানান যে, লোকবলের অভাবে হাসপাতালের পরিস্কার পরিচ্ছন্নতা কার্যক্রম ব্যাহত হচ্ছে। এছাড়া কোন গাইনি সার্জন ও এনেসথেসিয়া বিশেষজ্ঞ না থাকায় সিজারিয়ান অপারেশন বন্ধ আছে। | শূন্যপদ পূরণে উর্ধ্বতন কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করে পত্র পেরণ করতে হবে। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, হরিপুর |
| প্রাণি সম্পদ দপ্তর | উপজেলা প্রাণীসম্পদ কর্মকর্তার প্রতিনিধি সভায় জানান যে, আশ্রয়ন প্রকল্পে বসবাসকারীদের গবাদি পশুপাখিদের ভ্যাকসিন ও কৃমিনাশক সেবন করা প্রয়োজন এজন্য বরাদ্দের ব্যবস্থা করা প্রয়োজন বলে তিনি মনে করেন। ল্যাম্পি ভাইরাস করোনার মতো ছড়িয়েছে তবে আগের চেয়ে কমাতে সক্ষম হয়েছেন। এছাড়া দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক। | দাপ্তরিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখতে হবে। | উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা, হরিপুর, ঠাকুরগাঁও। |
| মৎস্য দপ্তর | উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় জানান যে, তার দপ্তর জাটকা সংরক্ষণে কাজ করছে। ইতোমধ্যে মাছের পোনা বিতরণ করা হয়েছে। অত্র দপ্তরের দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক। | পোনা মাছ নিধনে কারেন্ট জাল, চাইনিজ জালের ব্যবহারের বিরুদ্ধে অভিযান পরিচালনা করতে হবে। | উপজেলা মৎস্য কর্মকর্তা, হরিপুর। |
| পরিবার পরিকল্পনা দপ্তর | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তার প্রতিনিধি সভায় জানান, বর্তমানে পরিবার পরিকল্পনা নিয়মিতকরণে কাজ করে যাচ্ছেন। তবে সকলের সহযোগিতা না থাকলে এটা বাস্তবায়ন করতে পারবেন না। এজন্য তিনি সকলে সহযোগিতা কামনা করেন। | দাপ্তরিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখতে হবে। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, হরিপুর। |
| শিক্ষা দপ্তর | উপজেলা শিক্ষা কর্মকর্তা(ভাঃ) সভায় জানান, অবকাঠামো খাতে উন্নয়ন চলমান আছে। উপজেলায় ২য় প্রান্তিক মূল্যায়ন পরীক্ষা চলমান রয়েছে। পিডিপি এ বরাদ্দ পাওয়া গেছে এবং অন্যান্য পিডিপি গুলোতে অবকাঠামো বরাদ্দ না থাকলও এবার পিডিপি-4 এ অবকাঠামোগত বরাদ্দ আছে। এছাড়া তিনি আরও জানান,এ মাসে তিনটি বিদ্যালয়ে চুরির ঘটনা ঘটে। যার কারণে আমাদের শিক্ষা প্রদানে সমস্যা হচ্ছে। এ বিষয়ে তিনি প্রশাসনসহ সংশ্লিষ্ট সকলের সহযোগীতা কামনা করেন। এছাড়া তেমন কোন সমস্যা নেই। দাপ্তরিক অন্যান্য সার্বিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | দাপ্তরিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখতে হবে। | উপজেলা শিক্ষা কর্মকর্তা, হরিপুর |

| | | | |
|---|---|---|---|
| মাধ্যমিক শিক্ষা দপ্তর | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা সভায় জানান, ৫০ তম গ্রীষ্মকালীন স্কুল ও মাদ্রাসায় ক্রীড়া প্রতিযোগিতা ২০২৩ আয়োজন করা হবে। ক্রীড়া প্রতিযোগিতা আয়োজনের জন্য পুরষ্কার ক্রয় ও বিভিন্ন ব্যয় নির্বাহের নিমিত্তে অতিরিক্ত ৫০,০০০/- (পঞ্চাশ হাজার টাকা মাত্র) টাকা ব্যয় করা হবে। উক্ত ক্রীড়া প্রতিযোগিতার পুরষ্কার ক্রয় ও বিভিন্ন ব্যয় বাবদ অতিরিক্ত ব্যয় ৫০,০০০/- (পঞ্চাশ হাজার টাকা মাত্র) টাকা উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে পরিশোধের জন্য আর্থিক সাহায্য প্রদানে সভাপতি মহোদয়ের নিকট আবেদন করেছেন। এ বিষয়ে বিস্তারিত আলোচনায় উপজেলা কৃষি অফিসার ও উপজেলা শিক্ষা অফিসার জানান, স্কুল ও মাদ্রাসা পর্যায়ের ছাত্র/ছাত্রীদের মানসিক বিকাশের লক্ষ্যে ক্রীড়া প্রতিযোগিতা আয়োজন করা বিশেষ প্রয়োজন। এ ক্রীড়া প্রতিয়োগিতা আয়োজন ও বিভিন্ন ব্যয় নির্বাহের জন্য ইতিপূর্বেও উপজেলা রাজস্ব তহবিল হতে অর্থ প্রদান করা হতো। ৫০ তম গ্রীষ্মকালীন স্কুল ও মাদ্রাসায় ক্রীড়া প্রতিযোগিতা ২০২৩ আয়োজনের ব্যয় উপজেলা রাজস্ব তহবিল হতে প্রদান করা যেতে পারে। | ৫০ তম গ্রীষ্মকালীন স্কুল ও মাদ্রাসায় ক্রীড়া প্রতিযোগিতা ২০২৩ আয়োজনের পুরষ্কার ক্রয়সহ বিভিন্ন ব্যয় নির্বাহের জন্য ৫০,০০০/- (পঞ্চাশ হাজার টাকা মাত্র) টাকা সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হলো। যার বিল-ভাউচার উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তাকে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে দাখিলের জন্য অনুরোধ করা হলো। | ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, হরিপুর<br>২। উপজেলা নির্বাহী অফিসার, হরিপুর<br>৩। উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, হরিপুর। |
| তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর | সহকারী প্রোগ্রামার সভায় জানান যে, তার দপ্তরের দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তেমন কোন সমস্যা নেই। | দাপ্তরিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখতে হবে। | সহকারী প্রোগ্রামার, হরিপুর। |
| জনস্বাস্থ্য প্রকৌশল | উপজেলা প্রকৌশলী (জনস্বাস্থ্য) সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তেমন কোন সমস্যা নেই। | দাপ্তরিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখতে হবে। | উপজেলা প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল দপ্তর, হরিপুর, |
| উপজেলা সমাজসেবা দপ্তর | উপজেলা সমাজসেবা কর্মকর্তার প্রতিনিধি সভায় জানান, তার দপ্তরের দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক। তেমন কোন সমস্যা নেই। | দাপ্তরিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখতে হবে। | উপজেলা সমাজসেবা কর্মকর্তা, হরিপুর। |
| যুব উন্নয়ন দপ্তর | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় জানান, অত্র মাসে ১৫ই আগস্টে ৬ জন যুব ও যুব মহিলার মাঝে= ৭,২০,০০০/- টাকা যুব ঋণ বিতরণ করা হয়। অসিয়াল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তেমন কোন সমস্যা নাই। | দাপ্তরিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখতে হবে। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, হরিপুর। |
| সমবায় দপ্তর | উপজেলা সমবায় কর্মকর্তা সভায় জানান, অত্র উপজেলায় সমবায় বিভাগে সমবায় সমিতি অডিট নিষ্পন্ন, প্রশিক্ষণ চলমান রয়েছে। দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক। | দাপ্তরিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখতে হবে। | উপজেলা সমবায় কর্মকর্তা, হরিপুর। |
| খাদ্য দপ্তর | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক সভায় জানান, অত্র উপজলায় খাদ্য বিতরণ চলছে। অত্র দপ্তরের দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক। তেমন কোন সমস্যা নেই। | দাপ্তরিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখতে হবে। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, হরিপুর। |
| পরিসংখ্যান দপ্তর | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা(ভাঃ) সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে তেমন কোন সমস্যা নেই। | দাপ্তরিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখতে হবে। | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা, হরিপুর। |
| আনসার ও ভিডিপি দপ্তর | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তার প্রতিনিধি সভায় জানান, ২০২২-২০২৩ অর্থবছরে গ্রাম ভিত্তিক মৌলিক প্রশিক্ষণ অত্র উপজেলার ৬ নং ভাতুরিয়া ইউনিয়নের মাগুরা গ্রামে চলমান আছে। তিনি আরও জানান, আনসার ও ভিডিপিকে স্বাভাবিখ রাখার জন্য প্রয়োজনীয় চেষ্টা অব্যাহত আছে। দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক। | দাপ্তরিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখতে হবে। | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, হরিপুর। |
| প্রকল্প বাস্তবায়ন দপ্তর | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানান, ২০২২-২০২৩ অর্থবছরে সকল কার্যক্রম সমাপ্তপূর্বক সমাপ্তি প্রতিবেদন দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, মহাখালী, ঢাকা এবং জেলা প্রশাসকের কার্যালয় (অত্র শাখায়) প্রেরণ করা হয়েছে। এছাড়াও ২০২৩-২০২৪ অর্থবছরের আওতায় টি. আর এবং কাবিটা ও কাবিখাতে প্রথম পর্যায়ের বরাদ্দ এসেছে। প্রয়োজনীয় কার্যক্রম প্রক্রিয়াধীন। অত্র দপ্তরের অন্যান্য সকল কার্যক্রম স্বাভাবিক। তেমন কোন সমস্যা নেই। | দাপ্তরিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখতে হবে। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, হরিপুর। |
| মহিলা বিষয়ক দপ্তর | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার প্রতিনিধি সভায় জানান, মা ও শিশু সহায়তা কার্যক্রম এর আবেদনের ওয়েব সাইট খুলে দেওয়া | দাপ্তরিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখতে হবে। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, |

| | | | |
|---|---|---|---|
| | হয়েছে। ভিডব্লিউবি বরাদ্দ না থাকায় তা দেওয়া সম্ভব হচ্ছে না। তিনি আর ও জানান মা ও শিশু সহযোগীতা কার্যক্রম সঠিকভাবে বাস্তবায়নের জন্য সংশ্লিষ্ট সকলের সহযোগীতা একান্ত প্রয়োজন। এছাড়া দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক। | | হরিপুর। |
| বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সভায় জানান, বিআরডিবি এর আওতাভুক্ত আরডি-২ প্রকল্পের মাধ্যমে জোড়াবাড়ীর ভাড়াটিয়ারা নিয়মিত ভাড়া সংশ্লিষ্ট হিসাবে জমা করছেন না। এতদ বিষয়ে প্রয়োজনীয় হস্তক্ষেপ কামনা করছি। অত্র দপ্তরে তেমন কোন সমস্যা নেই। | দাপ্তরিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখতে হবে। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, হরিপুর। |
| সেটেলম্যান্ট বিভাগ | সহকারী সেটেলম্যান্ট কর্মকর্তার প্রতিনিধি সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তেমন কোন সমস্যা নেই। | দাপ্তরিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখতে হবে। | সহকারী সেটেলম্যান্ট অফিসার, হরিপুর। |
| বন বিভাগ | ফরেস্টার,সদর নার্সারী সভায় জানান, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক।তেমন কোন সমস্যা নেই। | দাপ্তরিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখতে হবে। | ফরেস্টার,সদর নার্সারী, হরিপুর। |
| বরেন্দ্র দপ্তর | সহকারী প্রকৌশলী বিএমডিএ সভায় জানান, সেচ পাম্পের জন্য পুরোনো ১৬০ টি আবেদন আছে। জনবল সংকট আছে। দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক। তেমন কোন সমস্যা নেই। | সেচ কমিটির সভা নিয়মিত আয়োজন করতে হবে। | সহকারী প্রকৌশলী বিএমডিএ, হরিপুর। |
| পল্লী দারিদ্র বিমোচন ফাউন্ডেশন | উপজেলা পল্লী দারিদ্র বিমোচন কর্মকর্তা সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক।তেমন কোন সমস্যা নেই। | দাপ্তরিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখতে হবে। | উপজেলা পঃ দাঃ বিঃ ফাঃ কর্মকর্তা , হরিপুর। |
| তথ্য আপা | উপজেলা তথ্যকেন্দ্র অফিসের কার্যক্রম স্বাভাবিক আছে। ডোর টু ডোর ও তথ্যকেন্দ্রের সেবা প্রদান চলমান রয়েছে। উঠান বৈঠক জুন ক্লোজিং এর পর বন্ধ আছে। বরাদ্দ পেলে উঠান বৈঠকের কার্যক্রম শুরু করা হবে। | দাপ্তরিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখতে হবে। | তথ্য সেবা কর্মকর্তা, হরিপুর। |
| পল্লী বিদ্যুৎ বিভাগ | সহকারী জেনারেল ম্যানেজার, ঠাকুরগাঁও পল্লী বিদ্যুৎ সমিতি সভায় জানান,দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তেমন কোন সমস্যা নেই। | দাপ্তরিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখতে হবে। | পল্লী বিদ্যুৎ বিভাগ, হরিপুর। |
| ভাইস চেয়ারম্যান উপজেলা পরিষদ | উপজেলা ভাইস চেয়ারম্যান সভায় জানান, রাস্তাগুলোর অবস্থা খুবই খারাপ। এগুলো মেরামত না করা গেলে মানুষ সমস্যার সম্মুখীন হবে। এছাড়াও টিমটিয়া ব্রীজটির কাজ দ্রুত শেষ করতে হবে। | রাস্তাগুলোর কাজ দ্রুত শেষ করতে হবে। | উপজেলা প্রকৌশলী , হরিপুর |
| এস এম আলমগীর সাধারণ সম্পাদক (উপজেলা আওয়ামী লীগ) , হরিপুর। | উপজেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক সভায় জানান, সামনে জাতীয় নির্বাচন তাই আমাদেরকে রাস্তাগুলোর কাজ এমনভাবে এগোতে হবে যাতে নিবার্চনের আগেই শেষ হয়। | রাস্তাগুলোর কাজ দ্রুত শুরু করতে হবে। | উপজেলা প্রকৌশলী , হরিপুর |
| চেয়ারম্যান, ১ নং গেদুড়া ইউনিয়ন পরিষদ | চেয়ারম্যান, ১ নং গেদুড়া ইউপি সভায় জানান, অত্র ইউনিয়নে সেচ পাম্প চুরির ঘটনা ঘটেছে এই বিষয়ে সকলের সহযোগিতা কামনা করেন। এছাড়া তার দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | দাপ্তরিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখতে হবে। | চেয়ারম্যান, ১ নং গেদুড়া ইউপি |
| চেয়ারম্যান, ২ নং আমগাঁও ইউনিয়ন পরিষদ | চেয়ারম্যান, ২ নং গেদুড়া ইউপি সভায় জানান, তার দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | দাপ্তরিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখতে হবে। | চেয়ারম্যান, ২ নং আমগাঁও ইউপি |
| চেয়ারম্যান ৩ নং বকুয়া ইউনিয়ন পরিষদ | চেয়ারম্যান ৩ নং বকুয়া ইউপি সভায় জানান, ঠাকিঠুকি হতে চাপধা পর্যন্ত রাস্তটি প্রশস্তকরণ প্রয়োজন। চাপধা হতে বকুয়া নয়াপাড়া পর্যন্ত (ভায়া-বরমপুর হয়ে কাতিহার) রাস্তটি বাকী অংশ পাকাকরণ প্রয়োজন। এছাড়া দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | দাপ্তরিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখতে হবে। | চেয়ারম্যান ৩ নং বকুয়া ইউপি |

| | | | |
|---|---|---|---|
| চেয়ারম্যান ৪ নং ডাঙ্গীপাড়া ইউনিয়ন পরিষদ | চেয়ারম্যান ৪ নং ডাঙ্গীপাড়া ইউপি সভায় জানান, শিহিপুর হলদিবাড়ী হয়ে লহচাঁদ বাড়ডাঙ্গী পর্যন্ত রাস্তটি পাকাকরণ প্রয়াজন। বারডাঙ্গী থেকে ডাঙ্গীপাড়া হয়ে হাসপাতাল মোড় পর্যন্ত রাস্তটি পাকাকরণ প্রয়াজন। দস্তমপুর ফারডাঙ্গী হয়ে পতনডোপা মেইন রাস্তা পর্যন্তরাস্তটি পাকাকরণ প্রয়াজন। তার দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তার দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | দাপ্তরিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখতে হবে। | চেয়ারম্যান ৪ নং ডাঙ্গীপাড়া ইউপি |
| চেয়ারম্যান ৫ নং হরিপুর ইউনিয়ন পরিষদ | চেয়ারম্যান ৫ নং হরিপুর ইউপি সভায় জানান, তার দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | দাপ্তরিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখতে হবে। | চেয়ারম্যান ৫ নং হরিপুর ইউপি |
| চেয়ারম্যান, ৬ নং ভাতুরিয়া ইউনিয়ন পরিষদ | চেয়ারম্যান, ৬ নং ভাতুরিয়া ইউপি সভায় জানান, তার দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | দাপ্তরিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখতে হবে। | চেয়ারম্যান, ৬ নং ভাতুরিয়া ইউপি |

০৩। **বিবিধঃ**

০১। আলোচনায় চেয়ারম্যান, উপজেলা পরিষদ, হরিপুর মহোদয় জানান যে, অত্র পরিষদে সেপ্টেম্বর/২০২৩ খ্রিঃ মাসে অগ্রিম আপ্যায়ন খাতে ৩০,০০০/- (ত্রিশ হাজার টাকা মাত্র) এবং আনুষাঙ্গিক খাতে ৫,০০০/- (পাঁচ হাজার টাকা মাত্র) ব্যয় হবে। উক্ত ব্যয় অনুমোদন প্রয়োজন।

| সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|
| আনুষাঙ্গিক ও আপ্যায়ন ব্যয় বাবদ মোট ৩৫,০০০/- (পঁয়ত্রিশ হাজার টাকা মাত্র) টাকার ব্যয় সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হলো। | ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, হরিপুর।<br>২। উপজেলা নির্বাহী অফিসার,হরিপুর। |

০২। আলোচনায় চেয়ারম্যান, উপজেলা পরিষদ, হরিপুর মহোদয় জানান যে,অত্র পরিষদে সেপ্টেম্বর/২০২৩খ্রিঃ মাসে ইন্টারনেট খাতে ৪,৫০০/- (চার হাজার পাঁচশত টাকা মাত্র)ব্যয় হয়েছে। উক্ত ব্যয় অনুমোদন প্রয়োজন।

| সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|
| ইন্টারনেট খাতে ৪,৫০০/- (চার হাজার পাঁচশত টাকা মাত্র) টাকার ব্যয় সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হলো। | ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, হরিপুর।<br>২। উপজেলা নির্বাহী অফিসার,হরিপুর। |

০৩। আরও আলোচনায় উপজেলা চেয়ারম্যান মহোদয় সভায় জানান যে, অত্র উপজেলা পরিষদের , সেপ্টেম্বর/২০২৩খ্রিঃমাসে উপজেলা পরিষদ অডিটোরিয়াম ছাদ ও চারপাশের আগাছা পরিষ্কারকরণ বাবদ ৮,০০০/-(আট হাজার টাকা মাত্র) ব্যয় হয়েছে। উক্ত ব্যয় অনুমোদন প্রয়োজন।

| সিদ্ধান্ত ঃ | বাস্তবায়নে- |
|---|---|
| উপজেলা পরিষদ অডিটোরিয়াম ছাদ ও চারপাশের আগাছা পরিষ্কারকরণ বাবদ ৮,০০০/-(আট হাজার টাকা মাত্র) টাকার ব্যয় সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হল। | ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, হরিপুর।<br>২। উপজেলা নির্বাহী অফিসার, হরিপুর।<br>৩। উপজেলা প্রকৌশলী, হরিপুর। |

০৪) চেয়ারম্যান, উপজেলা পরিষদ হরিপুর মহোদয় সভায় জানান, তাঁর ব্যবহৃত প্যাজারো জীপ গাড়ীর দুইটি টায়ার ক্রয় সংক্রান্ত বিল বাবদ ৫০,০০০/- (পঞ্চাশ হাজার টাকা মাত্র) টাকা ব্যয় হবে যা অদ্যকার সভায় অনুমোদন হওয়া প্রয়োজন।

| সিদ্ধান্ত ঃ | বাস্তবায়নে- |
|---|---|
| প্যাজারো জীপ গাড়ীর বিভিন্ন যন্ত্রাংশ মেরামত বাবদ ৫০,০০০/- (পঞ্চাশ হাজার টাকা মাত্র)টাকার ব্যয় সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হল। | ১। চেয়ারম্যান, উজেলা পরিষদ, হরিপুর।<br>২। উপজেলা নির্বাহী অফিসার,হরিপুর। |

০৫) চেয়ারম্যান, উপজেলা পরিষদ হরিপুর মহোদয় সভায় জানান,অত্র উপজেলা পরিষদের রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা ২০২০ অনুযায়ি উপজেলা পরিষদ বাসা বাড়ি তহবিল রাজস্ব আয় হিসেবে গণ্য হবে। তাই উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা ২০২০ অনুযায়ী উপজেলা পরিষদ বাসাবাড়ি তহবিল, হরিপুর থেকে প্রয়োজনীয় অর্থ উপজেলা পরিষদ রাজস্ব তহবিলে স্থানান্তর করা যেতে পারে। যা অদ্যকার সভায় অনুমোদন হওয়া প্রয়োজন। আলোচনায় বর্ণিত প্রস্তাব সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয়।

| সিদ্ধান্ত ঃ | বাস্তবায়নে- |
|---|---|
| উপজেলা পরিষদ বাসাবাড়ি তহবিল, হরিপুর থেকে প্রয়োজনীয় অর্থ উপজেলা পরিষদ রাজস্ব তহবিলে স্থানান্তর সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হল। | ১। চেয়ারম্যান, উজেলা পরিষদ, হরিপুর।<br>২। উপজেলা প্রকৌশলী, হরিপুর।<br>৩। উপজেলা নির্বাহী অফিসার,হরিপুর। |

০৬) চেয়ারম্যান, উপজেলা পরিষদ হরিপুর মহোদয় সভায় আরও জানান, উপজেলা নির্বাহী অফিস ও উপজেলা পরিষদ অফিসে পানির পাম্প অকেজো হয়ে গেছে। যার কারণে অফিস দুটিতে সুপেয় পানি পাওয়া যায় না। এতে করে আমাদের স্টাফদের নানামুখি সমস্যার সম্মুখীন হতে হচ্ছে। উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা ২০২০, অনুচ্ছেদ ৩ এর ক্রমিক নং ট মোতাবেক পানির পাম্প রক্ষনাবেক্ষণ /মেরামত ও ক্রয় বাবদ উপজেলা পরিষদের সিধান্তক্রমে উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে পরিষদ করা যেতে পারে। পানির পাম্প মেরামত/রক্ষণাবেক্ষন সংক্রান্ত প্রাক্কলিত ব্যয় আনুমানিক=১৫,০০০/-(পনের হাজার টাকা)। উক্ত বিলটি অদ্যকার সভায় অনুমোদ হওয়া প্রয়োজন। আলোচনায় বর্ণিত ব্যয় সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয়।

| সিদ্ধান্ত ঃ | বাস্তবায়নে- |
|---|---|

| | |
|---|---|
| উপজেলা নির্বাহী অফিস ও উপজেলা পরিষদ অফিসের পানির পাম্প মেরামত/রক্ষণাবেক্ষন বাবদ বাবদ ১৫,০০০/-(পনের হাজার টাকা) ব্যয় সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হল। | ১। চেয়ারম্যান, উজেলা পরিষদ, হরিপুর।<br>২। উপজেলা নির্বাহী অফিসার,হরিপুর। |

০৭) উপজেলা প্রকৌশলী সভায় জানান, গত ২৬ জুলাই, ২০২৩ তারিখে উপজেলা নির্বাহী অফিসার মহোদয় এ উপজেলায় যোগদান করেছেন। উপজেলা নির্বাহী অফিসারের বাসার রান্নঘরটি ব্যবহারের অনুপযোগি। তাই, এ মূহুর্তে জরুরীভাবে বাসার রান্নাঘরটি মেরামত করা প্রয়োজন। এ প্রেক্ষিতে ইতিমধ্যে বাসাটি পরিদর্শন করে প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে এবং জরুরী ভিত্তিতে মেরামত কাজ শুরু করা হয়েছে। অদ্যকার সভায় উক্ত কাজের নিম্নরুপ প্রকল্প, প্রকল্পের প্রাক্কলন ও প্রকল্প কাজ বাস্তবায়নের জন্য গঠিত প্রকল্প কমিটি অনুমোদন হওয়া প্রয়োজন।

প্রকল্পের নাম ঃ উপজেলা নির্বাহী অফিসার মহোদয়ের কোয়ার্টার মেরামতকরণ।

প্রাক্কলিত অর্থ ঃ ২,০০,০০০/-

প্রকল্প বাস্তবায়ন কমিটি-

| | | |
|---|---|---|
| (১) | জনাব মোঃ আনোয়ার হোসেন, সদস্য, ৪ নং ডাঙ্গীপাড়া ইউপি - | প্রকল্প সভাপতি |
| (২) | জনাব মোঃ মোকছেদ আলী, গণ্যমান্য ব্যাক্তি, হরিপুর - | প্রকল্প সদস্য |
| (৩) | জনাব মোঃ আনোয়ার হোসেন, শিক্ষক, হরিপুর - | প্রকল্প সদস্য |
| (৪) | জনাব মোঃ আলমগীর, গণ্যমান্য ব্যাক্তি, হরিপুর - | প্রকল্প সদস্য |
| (৫) | জনাব মোঃ সহিদুর রহমান, গণ্যমান্য ব্যাক্তি, হরিপুর - | প্রকল্প সদস্য |
| (৬) | জনাব মোঃ আলী, গণ্যমান্য ব্যাক্তি, হরিপুর - | প্রকল্প সদস্য |
| (৭) | জনাব মোঃ রফিকুল ইসলাম, ভিডিপি, হরিপুর - | প্রকল্প সদস্য |

উপজেলা প্রকৌশলীর প্রস্তাবিত প্রকল্পটির বিষয়ে উপজেলা ভাইস চেয়ারম্যানদ্বয় বলেন, উপজেলা নির্বাহী অফিসার মহোদয়ের বাসাটি বসবাস উপযোগি করার জন্য উক্ত প্রকল্পটি গ্রহণ করা হয়েছে। যার মেরামত ব্যয় অত্যন্ত অপ্রতুল। গৃহিত প্রকল্পটি অনুমোদনের জন্য অনুরোধ জানান। বিস্তারিত আলোচনায় প্রকল্পটি সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হ'ল। সেই সাথে প্রকল্প বাস্তাবয়ন কমিটিদ্বয়কে দ্রুত প্রকল্প কাজ বাস্তবায়ন করা জন্য অনুরোধ করা হলো।

০৮) আলোচনায় সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে উপজেলা প্রকৌশলী সভায় আরও জানান, সাম্প্রতিক সময়ে উপজেলা নির্বাহী অফিসে আসবাবপত্র গুলো ব্যবহার অনুপোযোগি হয়েছে। যার কারণে অফিস পরিচালনায় অনেক সমস্যা দেখা দিয়েছে। এগুলো মেরামত করা একান্ত প্রয়োজন। এমতাবস্থায়, জরুরী ভিত্তিতে আসবাবপত্রগুলো মেরামত করা হয়। যার মেরামত বাবদ ৫০,০০০/- টাকা ব্যয় হয় যা উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের ৩ নং অনুচ্ছেদের ছ নং ক্রমিকে আসবাবপত্র মেরামত ব্যয় হিসেবে অদ্য সভায় অনুমোদন প্রয়োজন।

বিস্তারিত আলোচনায় বর্ণিত ব্যয় সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয়।

| সিদ্ধান্ত ঃ | বাস্তবায়নে- |
|---|---|
| আসবাবপত্র মেরামত বাবদ ৫০,০০০/-(পঞ্চাশ হাজার আটশত টাকা মাত্র) টাকার ব্যয় সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হল। | ১। চেয়ারম্যান, উজেলা পরিষদ, হরিপুর।<br>২। উপজেলা নির্বাহী অফিসার,হরিপুর। |

আর কোন আলোচনা না থাকায় সকলকে পুনরায় ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৮/০৮/২৩

মোঃ জিয়াউল হাসান
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
ও
সভাপতি
উপজেলা পরিষদ মাসিক সমন্বয় সভা
হরিপুর, ঠাকুরগাঁও।

স্মারক নং- ০৫.৫৫.৯৪৫১.০০০.০৩.০০৩.২৩-৬২৯

তারিখঃ ২৮/০৮/২০২৩ খ্রিঃ

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো।

০১। মাননীয় জাতীয় সংসদ সদস্য, ঠাকুরগাঁও-২
০২। পরিচালক, স্থানীয় সরকার বিভাগ, রংপুর বিভাগ, রংপুর।
০৩। জেলা প্রশাসক, ঠাকুরগাঁও।
০৪। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, হরিপুর, ঠাকুরগাঁও।
০৫। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, হরিপুর, ঠাকুরগাঁও।
০৬। উপজেলা ..........................................................কর্মকর্তা, হরিপুর, ঠাকুরগাঁও।
০৭। চেয়ারম্যান ..........................................................(সকল) ইউপি, হরিপুর, ঠাকুরগাঁও।

২৮-০৮-২০২৩

উপজেলা নির্বাহী অফিসার
হরিপুর, ঠাকুরগাঁও।